

DATE: 9-9-20 NO: 1287	
DE&MM	CO. SECY
DMS	GM CSQ
DFO	GM PR
DB	CFS
DA	DGM SEC.
DP&LS	DGM I/A
CFO	MC
DCS	



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
বিমান অধিশাখা  
www.mocat.gov.bd

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৭ ব:  
০৯ সেপ্টেম্বর ২০২০ খ্রি:

বিষয়: বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের সকল শ্রেণির চাকুরিকে ঘোষিত অত্যাবশ্যকীয় সার্ভিস (Essential Service) এর মেয়াদ বৃদ্ধি।

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং-৩০.০০.০০০০.০১৭.১৮.০১৪.১৩-৩৩০, তারিখ: ২৬ জুলাই ২০২০ খ্রি.

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর সেবার মান উন্নতকরণ এবং সংস্কার কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের সকল শ্রেণির চাকুরিকে পূর্বের ধারাবাহিকতায় বিগত ১২ মার্চ ২০২০ তারিখের এস.আর.ও নং-৭৬-আইন/২০১৯ এর মাধ্যমে অত্যাবশ্যকীয় সার্ভিস (Essential Service) হিসেবে ঘোষণা করা হয়। ঘোষিত Essential Service এর মেয়াদ আগামী ১৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে উত্তীর্ণ হবে। এ বিষয়ে মেয়াদ ০৬ (ছয়) মাস বৃদ্ধি করার জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ করা হয়েছে কিন্তু মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত প্রজ্ঞাপনসহ কোন পত্র পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের সকল শ্রেণির চাকুরিকে ঘোষিত অত্যাবশ্যকীয় সার্ভিস (Essential Service) এর মেয়াদ ০৬ (ছয়) মাস বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

সচিব  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।